দৈনিক
জনকণ্ঠ

তারিখ : 14 AUG 2016
পৃষ্ঠা : 2 কলাম : 6

# শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত

**স্টাফ রিপোর্টার ॥** শান্তিপূর্ণভাবেই অনুষ্ঠিত হলো ত্রয়োদশ শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা। পরীক্ষার কেন্দ্র পরিদর্শনকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, এবারের নিবন্ধন পরীক্ষায় যারা উত্তীর্ণ হবেন তারা স্ব স্ব উপজেলাতেই নিয়োগ পাবেন। এক্ষেত্রে স্কুল, কলেজ বা মাদ্রাসা কর্তৃপক্ষ বা সভাপতির কোন হস্তক্ষেপ থাকবে না। মানসম্মত শিক্ষক নিশ্চিত করতে কেন্দ্রীয়ভাবে বেসরকারী শিক্ষক নিয়োগকে যুগান্তকারী উদ্যোগ হিসেবে উল্লেখ করে তিনি আশাপ্রকাশ করেন, সম্পূর্ণ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিয়োগপ্রাপ্ত এসব শিক্ষক সত্যিকার অর্থে নিবেদিতপ্রাণে দায়িত্ব পালন [illegible] পূর্ণ ভূমিকা রাখবেন [illegible] কলেজ কেন্দ্র পরিদর্শনকালে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন শিক্ষামন্ত্রী। ত্রয়োদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষায় এক লাখ ৪৭ হাজার ২৬২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। এর মধ্যে স্কুল পর্যায়ে ৯১ হাজার ৬১৪ জন এবং কলেজ পর্যায়ে ৫৫ হাজার ৬৯৮ জন। এর আগে গত ১৩ মে এ নিবন্ধন পরীক্ষার প্রিলিমিনারি পরীক্ষা অনুষ্ঠিত হয়।